সভার সময় পুরস্কার (বই) ও সনদ বিতরণ;

জ. জেলা/উপজেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় তালিকাভুক্ত দিবস উদ্‌যাপন বাস্তবায়নের জন্য পূর্ব থেকেই কমিটি/টিম গঠন করা;

ঝ. উপজেলায় কর্মরত অফিসারগণকে নিয়ে এক বা একাধিক টিম গঠনপূর্বক স্কুল/কলেজের সম্মানিত শিক্ষকমণ্ডলীকে উদ্বুদ্ধকরত সপ্তাহের একটি বিশেষ দিন নির্বাচন করে এসেম্বলি চলাকালে বা বিশেষ কোনো সময় নির্ধারণ করে শিক্ষার্থীদের দিবস উদ্‌যাপন/পালন সম্পর্কে অবহিত এবং দিবস উদ্‌যাপন/পালনে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ;

ঞ. সংশ্লিষ্ট দিবস উদ্‌যাপন/পালনের বিষয়টি ব্যাপক প্রচারণার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ কর্তৃক সাপ্তাহিক হাটের দিন মাইকিং এবং সম্ভব হলে জেলা তথ্য কর্মকর্তার সহযোগিতা নিয়ে ভ্রাম্যমাণ সিনেমা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;

ট. সকল ক্ষেত্রে বাহুল্য ব্যয় পরিহার করে যথাসম্ভব স্বল্প ব্যয়ে কর্মসূচি বাস্তবায়ন; এবং

ঠ. জেলা ও উপজেলা পর্যায়ে বছরব্যাপি দিবস উদ্‌যাপন/পালনে কোন্ উপজেলায় ও জেলায় উদ্‌যাপন ভালো হয়েছে, তা মূল্যায়নপূর্বক উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলাপ্রশাসক এবং জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার বছর শেষে প্রণোদনার ব্যবস্থা করতে পারেন।

০৩। এমতাবস্থায়, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবসসমূহ উদ্‌যাপন/পালনে উল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-১২-২০১৮
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন -১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৩.২০১৬- ৪২৬

তারিখ: ২৪ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ
১০ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১২। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৪.০৩.২০১৯
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.৫৩৭ তারিখ: ১৩ পৌষ ১৪২৫
২৭ ডিসেম্বর ২০১৮

বিষয়: **জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনে কতিপয় নির্দেশনা অনুসরণ।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১২.৩৮১ তারিখ: ০৭.১১.২০১২
(২) জনাব মোঃ আবুল কালাম আজাদ, সাবেক মুখ্য সচিব বর্তমানে মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়-এর ধারণাপত্র।

বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস সরকারিভাবে উদ্‌যাপন/পালনের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত (১) সংখ্যক স্মারকে ক্যাটাগরিভিত্তিক একটি সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়ের প্রাসঙ্গিক কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রেও দিবস পালনের বিভিন্ন আনুষ্ঠানিকতা কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে বাস্তবায়িত হয়ে থাকে। এ দিবসসমূহের কর্মসূচি জেলা ও উপজেলা সদরে সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তা/কর্মচারী এবং সমাজের বিভিন্ন স্তরের স্বল্প সংখ্যক মানুষের সমন্বয়ে অনুষ্ঠিত হয়ে থাকে। ফলে সাধারণ জনগণের মাঝে সচেতনা সৃষ্টিসহ সংশ্লিষ্ট দিবস উদ্‌যাপন/পালনের সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ যথাযথভাবে অর্জিত হয় না।

০২। সাধারণ মানুষের নিকট দিবসসমূহ উদ্‌যাপন/পালনের মর্মবাণী পৌঁছে দেওয়া ও তাঁদের মনোজগতে আদর্শিক চেতনা জাগ্রত করার লক্ষ্যে দক্ষতার সঙ্গে দিবসসমূহ উদ্‌যাপন/পালনের ক্ষেত্রে নিম্নোল্লিখিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:

ক. জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহের মাসভিত্তিক একটি ক্যালেন্ডার তৈরিপূর্বক উপজেলার বিভিন্ন ইউনিয়নের জন্য একটি তারিখ নির্ধারণ করে ট্যাগ অফিসারগণ কর্তৃক ইউনিয়ন/ওয়ার্ড/গ্রাম পর্যায়ে উন্মুক্ত বৈঠকের মাধ্যমে গ্রামের সাধারণ জনগণের মাঝে সংশ্লিষ্ট দিবস সম্পর্কে সচেতনতা সৃষ্টি;

খ. দিবস উদ্‌যাপন/পালনের ক্ষেত্রে যথাসম্ভব উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাধারণ জনগণের মাঝে সংশ্লিষ্ট দিবসের তাৎপর্য সম্পর্কে অবহিতকরণের জন্য র‍্যালি, সভা, সেমিনারের আয়োজন;

গ. শিক্ষার্থীদের পড়ালেখায় বিঘ্ন না ঘটিয়ে আয়োজিত র‍্যালিতে সংশ্লিষ্ট ইউনিয়নের সকল কলেজ, দাখিল উর্ধ্ব মাদ্রাসার সকল ছাত্র, প্রণোদিত কর্মী, আনসার-ভিডিপিসহ সকল স্তরের লোকজনের অংশগ্রহণ;

ঘ. এলাকার দর্শনীয় স্থানসহ র‍্যালি ও আলোচনা সভার স্থানে দিবস উপযোগী শ্লোগান-সমৃদ্ধ প্লেকার্ড ও ব্যানার তৈরি করে প্রদর্শন;

ঙ. দিবস উপযোগী গান এবং শ্লোগান রেকর্ড করে র‍্যালি চলাকালে এক বা একাধিক মাইকে নিয়ন্ত্রিত শব্দে বাজানো;

চ. সাধারণ মানুষের মধ্যে অধিক আগ্রহ সৃষ্টির লক্ষ্যে দিবসের গুরুত্ব বিবেচনায় জেলা/উপজেলা সদর ছাড়াও গ্রামীণ কোনো বর্ধিষ্ণু এলাকায় অপ্রচলিত রাস্তায় দিবসের র‍্যালির আয়োজন;

ছ. উদ্বুদ্ধ করার লক্ষ্যে নির্ধারিত দিবসের অনেক আগেই শিক্ষার্থীদের জন্য গ্রুপভিত্তিক রচনা ও ছবি আঁকা প্রতিযোগিতার আয়োজন এবং ইউনিয়ন/উপজেলা পর্যায়ে ফলাফলের ভিত্তিতে দিবস উদ্‌যাপনের দিন আলোচনা